

64 - ডলারে স্বর্ণের নসিব

প্রশ্ন

প্রশ্ন: আমি আমেরিকাতো প্রবাসী। স্বর্ণের নসিব আমেরিকান ডলারে কত আসবে?

প্রিয় উত্তর

আলহামদুলিল্লাহ।

নসিব হচ্ছে- যাকাত ফরয হওয়ার সর্বনম্বিন সীমা। যদি কোন ব্যক্তি এ পরিমাণ সম্পদে মালিক হয় তাহলে তার উপর যাকাত ফরয হবে। আর যদি এর চেয়ে কম পরিমাণ সম্পদে মালিক হয় তাহলে তার উপর যাকাত ফরয হবে না। একথা সুবদিতি যে, ইসলামী শরিয়তে স্বর্ণ ও রৌপ্য উভয় মুদ্রার উপর যাকাত ফরয এবং বর্তমানে যসেব কাগুজে মুদ্রা এ দুটির স্থলাভিষিক্ত সগেলের উপরও যাকাত ফরয। সে মুদ্রা ডলার হোক, রিয়াল হোক, পাউন্ড হোক কিংবা অন্য কিছু হোক।

স্বর্ণের নসিব হচ্ছে- ২০ মসিকাল; যমেনট নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম উল্লেখ করেছেন। ১ মসিকাল আমাদের বর্তমান যামানার হিসাবে প্রায় ৪.২৫ গ্রাম। অতএব, স্বর্ণের নসিব হবে প্রায় ৮৫ গ্রাম। যে ব্যক্তি এ পরিমাণ স্বর্ণের মালিক হবে সেটা ধরণে হোক না কেন তার উপর যাকাত ফরয হবে। হাজারে ২৫ ভাগ (২.৫%)।

আর রৌপ্যের নসিব হচ্ছে- ২০০ দরিহাম; যমেনট নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম জানিয়েছেন। এ দরিহাম আমাদের যামানার হিসাবে প্রায় ২.৯৭৫ গ্রাম। সুতরাং রৌপ্যের নসিব হবে প্রায় ৫৯৫ গ্রাম। যে ব্যক্তি এ পরিমাণ রৌপ্যের মালিক হবে তার রৌপ্যের উপর যাকাত ফরয হবে। হাজারে ২৫ ভাগ (২.৫%)।

আমরা জানি যে, বর্তমানে স্বর্ণ ও রৌপ্যের মূল্যের মধ্যে বিস্তারিত ব্যবধান রয়েছে। তাই সাবধানতামূলক ও গরীবের জন্য কল্যাণকর হচ্ছে- আপনি দেখবেন আপনার কাছে যে ডলারগুলো আছে এবং যগুলো সঞ্চার করার মতো এক চন্দ্র বছর (৩৫৪ দিন) পূর্ণ হয়েছে সেগুলো যদি রৌপ্যের নসিবের সমপরিমাণ হয় কিংবা এর চেয়ে বেশি হয় তখন আপনি এক হাজার ডলারে ২৫ ডলার হিসাবে যাকাত আদায় করবেন। যাকাতের শরিয়ত নির্ধারণিত খাতে এ অর্থ বণ্টন করবেন।

আমরা আল্লাহর কাছে প্রার্থনা করছি তিনি যেন আমাদেরকে সম্পদে হক আদায় করার তাওফিক দেন। আমাদের নবী মুহাম্মদ এর উপর আল্লাহর রহমত ও শান্তি বর্ষিত হোক।

ইসলাম জিজ্ঞাসা ও জবাব

আল মুনায্জিদ
মহাপরিচালক:শাইখ মুহাম্মদ সালেহ

ইন্টারনেটে মাধ্যমে স্বর্ণ ও রৌপ্যের মূল্য জানা যতে পারে।